গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
(সংস্থাপন শাখা)
www.brahmanbaria.gov.bd

নং- ০৫.৪২.১২০০.০০৯.১১.০০৬.২১- ২৫

তারিখ: ২৬ পৌষ ১৪২৭
১০ জানুয়ারি ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়, উদ্বৃত্ত কর্মচারী শাখা, ঢাকার ০৮ ডিসেম্বর, ২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০১৮.১৫-২৬১ নং স্মারক এবং বিভাগীয় কমিশনারের কার্যালয় ও বিভাগীয় নির্বাচনি বোর্ড, চট্টগ্রাম এর ০৫ জানুয়ারি, ২০২১ তারিখের ০৫.৪২.০০০০.০০৩.০৩.০০৮.২০-০৬ নং স্মারকের অনুমোদন মোতাবেক ব্রাহ্মণবাড়িয়া জেলাপ্রশাসকের কার্যালয় এবং এর অধীনস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ীভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দাদের নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নির্ধারিত চাকুরির আবেদন মডেল ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | পদসংখ্যা | গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১(এক)টি | গ্রেড-১৬<br>বেতন স্কেল- ৯,৩০০-২২,৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা;<br>গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা এবং<br>ঘ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |

১. জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত চাকুরি আবেদন ফরমে 'জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া' বরাবরে আগামী ০৭ ফেব্রুয়ারি, ২০২১ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে ডাকযোগে আবেদন পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়। স্বাক্ষরবিহীন, অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

২. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৩. খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৪. প্রার্থীর বয়স ০৭ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

৫. <u>আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে :</u>

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়নকৃত সম্প্রতি তোলা ০৩(তিন) কপি ৫×৫ সে.মি. আকারে রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

খ) আবেদন ফরমের সাথে পরীক্ষা ফি বাবদ ১০০/-(একশত) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে ১-০৭৪২-০০০০-২০৩১ নং কোডে জমা প্রদান করে চালানের মূলকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ ও ব্যাংক শাখার নাম লিপিবদ্ধ করতে হবে। ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না।

গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র প্রেরণের স্বার্থে আবেদনকারী কর্তৃক প্রদত্ত ১৫/-(পনেরো) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিটযুক্ত ৯.৫×৪.৫ ইঞ্চি সাইজের খামে স্পষ্টভাবে পদের নাম, নিজের নাম ও ঠিকানা লিখিত একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

ঘ) আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব এবং জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে।

ঙ) বর্ণিত পদের প্রার্থীদের আবেদনপত্রের সাথে কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র দাখিল করতে হবে।

চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | মুক্তিবার্তা নম্বর | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি নাতনীর দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয় পত্র, পিতা মাতার জাতীয় পরিচয় পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |

ছ) নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/মহিলা/আনসার ও ভিডিপি/এতিম/প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটাসহ সরকার নির্ধারিত সকল কোটা সংরক্ষণ করা হবে। নির্দিষ্ট কোন কোটায় নিয়োগের দাবিদার প্রার্থীদের তাঁর দাবির স্ব-পক্ষে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত/জারিকৃত সনদপত্র দাখিল করতে হবে। অন্যথায় তাঁর দাবি গ্রহণযোগ্য হবে না।

চলমান পাতা-০২

৬. লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূলকপি উপস্থাপন এবং ০১(এক) সেট ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যয়নকৃত দাখিল করতে হবে :
   ক) প্রার্থীর নিজ এলাকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
   খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ।
   গ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র।
   ঘ) অতিরিক্ত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার ও সাঁটলিপি/শর্টহ্যান্ড এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র।
   ঙ) কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্র।

৭. চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৮. নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধিবিধান ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

৯. আবেদন ফরমে বর্ণিত যে কোন তথ্য যে কোন পর্যায়ে ভুয়া/মিথ্যা প্রমাণিত হলে আবেদন/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. বিভাগীয় নির্বাচনি বোর্ড, চট্টগ্রাম কর্তৃক লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার মাধ্যমে উত্তীর্ণ প্রার্থীদের নিয়োগ প্রদান করা হবে।

১১. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১২. কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩. নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত যাবতীয় তথ্য এ কার্যালয় হতে সরাসরি এবং এ কার্যালয়ের ওয়েবসাইট (www.brahmanbaria.gov.bd)-এ ব্রাউজ করে সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরম গ্রহণ ও বিজ্ঞপ্তি সংক্রান্ত তথ্য জানা যাবে।

স্বাঃ/-
(হায়াত-উদ-দৌলা খাঁন)
জেলাপ্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া
ফোনঃ ০৮৫১-৫৭৭১২
email.dcbrahmanbaria@mopa.gov.bd

নং- ০৫.৪২.১২০০.০০৯.১১.০০৬.২১-১৫

তারিখ: ২৬ পৌষ ১৪২৭ / ১০ জানুয়ারি ২০২১

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও সভাপতি, বিভাগীয় নির্বাচনি বোর্ড, চট্টগ্রাম।
৪. জেলাপ্রশাসক,............................................... (সকল)।
৫. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
৬. সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া।
৭. উপ-পরিচালক, স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া।
৮. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/ অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)/(সার্বিক)/(রাজস্ব), ব্রাহ্মণবাড়িয়া।
৯. উপজেলা নির্বাহী অফিসার, ........................................... (সকল), ব্রাহ্মণবাড়িয়া।
১০. সহকারী কমিশনার (ভূমি), ..............................................(সকল), ব্রাহ্মণবাড়িয়া।
১১. প্রোগ্রামার, ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা নিবেন)।
১২. জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।
১৩. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া।
১৪. পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, ব্রাহ্মণবাড়িয়া।
১৫. সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, ব্রাহ্মণবাড়িয়া।
১৬. সম্পাদক, দৈনিক................................................................................।{নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ২০ জানুয়ারি, ২০২১ তারিখের মধ্যে তার বহুল প্রচারিত পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রচারের ব্যবস্থা গ্রহণ করত: প্রচারিত সংখ্যায় ০৫(পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।}
১৭. নোটিশ বোর্ড.......................................... কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।

১০/০১/২০২১

জেলাপ্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া